

পণ্য দ্রব্য ক্রয়-বিক্রয় ব্যবসায় ও হিসাবরক্ষণ পদ্ধতি

Merchandising Business and Accounting System



ভূমিকা

Introduction

ব্যক্তি বা প্রতিষ্ঠানের ব্যবসায়িক কার্যক্রমের মধ্যে পণ্যদ্রব্য ক্রয়-বিক্রয় ব্যবসায় সংক্রান্ত কার্যক্রম অন্যতম। ব্যবসায়ের আয়ের সিংহভাগ আসে পণ্যদ্রব্য ক্রয়বিক্রয় সংক্রান্ত কার্যক্রম থেকে। এ অধ্যায়ে ব্যবসায়িক পণ্যদ্রব্য সংক্রান্ত লেনদেন ও তার হিসাবরক্ষণ প্রক্রিয়া সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়েছে। মানুষের একার পক্ষে তার প্রয়োজনীয় সকল পণ্যদ্রব্য উৎপাদন করে ভোগ করা সম্ভব নয়। তাই পণ্যদ্রব্য ক্রয়বিক্রয়ের মাধ্যমেই তার সকল পণ্যের চাহিদা পূরণ করতে হয়। বর্তমান পৃথিবীতে নানা ধরনের ব্যবসায়িক প্রতিষ্ঠান রয়েছে। এর মধ্যে যেসব ব্যবসায় প্রতিষ্ঠান পণ্যদ্রব্য ক্রয়-বিক্রয় করে তাদেরকে পণ্যদ্রব্য ব্যবসায়িক প্রতিষ্ঠান (Merchandising firm) বলে। এসব প্রতিষ্ঠান যে কার্যক্রম পরিচালনা করে তাকে মার্চেন্টাইজিং কার্যক্রম বলে।



ইউনিট সমাপ্তির সময়

ইউনিট সমাপ্তির সর্বোচ্চ সময় ২ সপ্তাহ

এ ইউনিটের পাঠসমূহ

পাঠ ৫.১ : পণ্য দ্রব্য ব্যবসায়ের সংজ্ঞা ও হিসাবরক্ষণ প্রণালি

পাঠ ৫.২ : মজুদ পণ্যের সংজ্ঞা ও মজুদ সংরক্ষণ পদ্ধতি

পাঠ ৫.৩ : নিত্য মজুদ পদ্ধতি এবং কালান্তিক মজুদ পদ্ধতিতে জাবেদাকরণ

পাঠ ৫.৪ : পণ্য দ্রব্য ব্যবসায়: গাণিতিক সমস্যা ও এর সমাধান

পাঠ-৫.১

পণ্য দ্রব্য ব্যবসায়ের সংজ্ঞা ও হিসাবরক্ষণ প্রণালি

Definition and Accounting Procedure of Merchandising Business



উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি-

- পণ্য দ্রব্য ব্যবসায় কী তা বলতে পারবেন।
- পণ্য দ্রব্য ব্যবসায়ের হিসাবরক্ষণ পদ্ধতি ব্যাখ্যা করতে পারবেন।



পণ্য দ্রব্য ব্যবসায়ের সংজ্ঞা


Definition of merchandising business

যে সকল ব্যবসায় পণ্যদ্রব্য ক্রয় ও বিক্রয় করে মুনাফা অর্জন করে তাকে পণ্যদ্রব্য ব্যবসায় (Merchandising Business) বলে। অন্যভাবে বলা যায়, পণ্যদ্রব্য ব্যবসায় বলতে ঐ সমস্ত কার্যক্রমকে বোঝায় যেখানে পণ্যদ্রব্য ক্রয়বিক্রয়ের মাধ্যমে মুনাফা অর্জন করা হয়। যে সকল প্রতিষ্ঠান এ কার্যক্রম সম্পাদন করে তাদেরকে পণ্যদ্রব্য ব্যবসায় প্রতিষ্ঠান বলে। পণ্যদ্রব্য ব্যবসায় প্রতিষ্ঠানের কার্যক্রমকে উৎপাদনকারী, পাইকারি, খুচরা ব্যবসায়ী, ভোক্তা প্রভৃতি ভাগে ভাগ করা যায়।

পণ্য দ্রব্য ব্যবসায়ের হিসাব প্রণালি

Accounting procedure of merchandising business

যে সকল ব্যবসায় পণ্যদ্রব্য ক্রয় ও বিক্রয়কার্যে নিয়োজিত থাকে সে সমস্ত প্রতিষ্ঠানকে আমরা পণ্যদ্রব্য ব্যবসায় নামে আখ্যায়িত করে থাকি। সাধারণত পাইকার ও খুচরা ব্যবসায়িকে পণ্যদ্রব্য ব্যবসায় প্রতিষ্ঠান বলা হয়ে থাকে। এদের কাজ হলো একজনের কাছ থেকে পণ্য ক্রয় করে মজুদ করা এবং অন্য কারো কাছে বেশি দামে বিক্রয় করা। পণ্যদ্রব্য ব্যবসায় প্রতিষ্ঠানের প্রণালি বলতে পণ্য ক্রয় ও ক্রয় পরিবহন সংক্রান্ত হিসাবরক্ষণ, মজুদ পণ্যের হিসাবরক্ষণ, সরবরাহকারীর নিকট পণ্য ফেরত ও ভাতা সংক্রান্ত হিসাবরক্ষণ, পণ্য বিক্রয় ও বিক্রয় পরিবহন সংক্রান্ত হিসাবরক্ষণ, খরিদারের নিকট হতে পণ্য ফেরত ও ভাতা সংক্রান্ত হিসাবরক্ষণ, প্রদেয় হিসাবকে অর্থ পরিশোধ ও প্রাপ্য হিসাবের নিকট হতে অর্থ আদায় সংক্রান্ত হিসাবরক্ষণ এবং হিসাবকাল শেষে আর্থিক বিবরণীসমূহ প্রস্তুতকরণ বোঝায়। Weygandt, Kieso & Kimmel তাদের Accounting Principles গ্রন্থে Accounting for Merchandising Operations কে নিম্নোক্ত ভাগে ভাগ করেছেন :



সারসংক্ষেপ:

পণ্যদ্রব্য ক্রয়বিক্রয়ের মাধ্যমে মুনাফা অর্জন করা হয়। যে সকল প্রতিষ্ঠান এ কার্যক্রম সম্পাদন করে তাদেরকে পণ্যদ্রব্য ব্যবসায় প্রতিষ্ঠান বলে। পণ্যদ্রব্য ব্যবসায় প্রতিষ্ঠানের প্রণালি বলতে পণ্য ক্রয় ও ক্রয় পরিবহন সংক্রান্ত হিসাবরক্ষণ, মজুদ পণ্যের হিসাবরক্ষণ, সরবরাহকারীর নিকট পণ্য ফেরত ও ভাতা সংক্রান্ত হিসাবরক্ষণ, পণ্য বিক্রয় ও বিক্রয় পরিবহন সংক্রান্ত হিসাবরক্ষণ, খরিদারের নিকট হতে পণ্য ফেরত ও ভাতা সংক্রান্ত হিসাবরক্ষণ, প্রদেয় হিসাবকে অর্থ পরিশোধ ও প্রাপ্য হিসাবের নিকট হতে অর্থ আদায় সংক্রান্ত হিসাবরক্ষণ এবং হিসাবকাল শেষে আর্থিক বিবরণীসমূহ প্রস্তুতকরণ বোঝায়।

পাঠ-৫.২

মজুদ পণ্যের সংজ্ঞা ও মজুদ সংরক্ষণ পদ্ধতি
Definition and Storing System of Inventory

উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি-

- মজুদ পণ্য কী তা বলতে পারবেন।
- মজুদ সংরক্ষণ পদ্ধতি ব্যাখ্যা করতে পারবেন।



মজুদ পণ্যের সংজ্ঞা

Definition of inventory

খুচরা বা পাইকারি ব্যবসায়ের মোট আয়ের একটি বিরাট অংশ আসে মজুত পণ্য বিক্রয় করে। অর্থাৎ মজুতপণ্য ক্রয়কৃত মূল্যের চেয়ে অধিক মূল্যে বিক্রয়ের ফলে যে আয় অর্জিত হয় তা ব্যবসায়ের মোট আয়ের একটি বিরাট উৎস। পণ্য ক্রয়-বিক্রয়কারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে ব্যবসায়ের স্বাভাবিক কার্যক্রম চলাকালীন সময়ে অর্থাৎ মুনাফা অর্জনের উদ্দেশ্যে পণ্য ক্রয়-বিক্রয় প্রক্রিয়ায় পূর্বে ক্রয়কৃত যে পরিমাণ পণ্য কোনো একটি নির্দিষ্ট দিনে বা তারিখে বিক্রয়যোগ্য অবস্থায় পাওয়া যায় তাকে মজুত পণ্য বলে। মোট কথা হলো, যে কোনো সময় বিক্রয়ের জন্য যে পরিমাণ পণ্য মজুত রাখা হয় তাকে ব্যবসায়িক পণ্যের মজুত বলা হয়।

মজুদ সংরক্ষণ পদ্ধতি

Inventory storing system

পণ্য ক্রয়বিক্রয় সংক্রান্ত ব্যবসায় প্রতিষ্ঠানের (Merchandising Organization) কার্যক্রম পণ্যকে কেন্দ্র করে আবর্তিত হওয়ার কারণে স্বাভাবিকভাবে প্রতিনিয়তই একটি নির্দিষ্ট সময় শেষে কী পরিমাণ পণ্য বিক্রয় করা হয়েছে এবং কী পরিমাণ পণ্য বিক্রয়ের জন্য মজুদ আছে তার হিসাব রাখতে হয়। মজুদ পণ্যের হিসাব সংরক্ষণের জন্য প্রচলিত দুটি পদ্ধতির মধ্যে প্রতিষ্ঠান কর্তৃক নিম্নোক্ত যে কোনো একটি অনুসরণ করা হয়। পদ্ধতিগুলো হলো:

- অবিরত বা নিত্য মজুদ পদ্ধতি (Perpetual Inventory System)
- কালান্তিক মজুদ পদ্ধতি (Periodic Inventory System)

অবিরত বা নিত্য মজুদ পদ্ধতি

Perpetual inventory system

অবিরত মজুদ পদ্ধতিতে প্রতিটি পণ্যের ক্রয়বিক্রয়ের বিস্তারিত হিসাব সংরক্ষণ করা হয়। সংরক্ষিত এ হিসাব অনুযায়ী প্রত্যেক শ্রেণির কী পরিমাণ পণ্য মজুদ থাকা উচিত তা যে কোনো সময়ই জানা যায়। কী পরিমাণ পণ্য ক্রয় করা হলো এবং কী পরিমাণ পণ্য ভোক্তাদের নিকট বিক্রয় করা হলো তার হিসাব চলমানভাবে অর্থাৎ দৈনিক ভিত্তিতে করা হয় বলে একে অবিরত বা নিত্য মুজুদ পদ্ধতি (Perpetual Inventory System) নামে অবিহিত করা হয়। উদাহরণস্বরূপ বলা যায়, বার কোড বা অপটিক্যাল স্কিনারের মাধ্যমে মীনা বাজার ও আগোরার মতো বিভাগীয় বিপণিগুলো (Departmental Stores) তাদের প্রতি বক্স শস্য বা প্রতি জার জেলি যা সে ক্রয় করছে বা বিক্রয় করছে তার প্রাত্যহিক হিসাব রাখতে পারে। যে সকল কোম্পানি একক প্রতি বেশি দামের পণ্যের (যেমন : কম্পিউটার, ফার্নিচার) ব্যবসায় করে তাদের ক্ষেত্রে অবিরত বা নিত্য মজুদ পদ্ধতিটি অধিক প্রয়োগযোগ্য এবং মজুদ পণ্যের ওপর নিয়ন্ত্রণ রাখা অধিকতর সহজ ও সুবিধাজনক হয়।

এ পদ্ধতিতে, ক্রয়কৃত পণ্যকে খরচ হিসেবে বিবেচনা না করে অন্যান্য সম্পত্তির ন্যায় সম্পদ হিসেবে বিবেচনা করা হয়। তাই ক্রয় নামক খরচকে ডেবিট না করে Merchandising Inventory কে ডেবিট করা হয়। অধিকন্তু, পণ্য ক্রয়ের সাথে জড়িত সকল প্রকার প্রত্যক্ষ খরচ, নগদ বাট্টা ও ক্রয় ফেরতের জন্য Merchandising Inventory কে ডেবিট বা ক্রেডিট করা হয়। এছাড়া প্রতিবার পণ্য বিক্রয়ের সময় একটি অতিরিক্ত দাখিলার মাধ্যমে Merchandising Inventory নামক সম্পত্তি হ্রাসের জন্য ক্রেডিট এবং খরচ বৃদ্ধির জন্য Cost of Goods Sold (বিক্রিত পণ্যের ব্যয়) কে ডেবিট করা হয়।

কালান্তিক মজুদ পদ্ধতি

Periodic inventory system

কালান্তিক মজুদ পদ্ধতিতে হিসাবকালের যাবতীয় ক্রীত ও বিক্রীত প্রতিটি মজুদের ব্যয় সম্পর্কে বিস্তারিত হিসাবসংরক্ষণ না করে কেবলমাত্র হিসাবকাল শেষে অর্থাৎ প্রতি হিসাবকালে একবার বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় করা হয়। হিসাবকাল শেষে বাস্তব/বাহ্যিক/দৃশ্যমান মজুদ (Physical Inventory) গণনা করে অবিক্রীত পণ্যের ব্যয় বা মজুদ পণ্যের মূল্য নির্ণয় করা হয়। অতঃপর, প্রারম্ভিক মজুদ পণ্যের মূল্য ও ক্রীত পণ্যের মূল্য যোগ করে যোগফল থেকে সমাপনী মজুদ পণ্যের মূল্য বাদ দিয়ে বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় করা হয়।

ছোটো ও খুচরা ধরনের ব্যবসায় প্রতিষ্ঠান যেমন- ঔষধের ফার্মেসি, ফাস্ট ফুডের দোকান, হার্ডওয়্যার দোকান যেখানে তুলনামূলকভাবে স্বল্পদামের অনেক আইটেম বিক্রয় হয় এবং মালিক যে সমস্ত ব্যবসায় প্রত্যক্ষভাবে ব্যবসা পরিচালনায় নিয়োজিত থাকেন সেসব প্রতিষ্ঠানে এ পদ্ধতির উপযোগী। এ পদ্ধতিতে পণ্য ক্রয় করলে তা খরচ হিসেবে গণ্য করা হয় এবং ক্রয়কে (Purchase) ডেবিট করা হয়। হিসাবকাল শেষে যে পরিমাণ মজুদ থাকে তাকে মোট ক্রয় থেকে বাদ দিয়ে যে নিট খরচ বের করা হয় তাকে Cost of Goods Sold বা বিক্রীত পণ্যের ব্যয় হিসেবে বিবেচনা করা হয়। পণ্য সংক্রান্ত লেনদেন লিপিবদ্ধ করার ক্ষেত্রে ক্রয় পরিবহন, ফেরত ও বাট্টার জন্য পৃথক পৃথক হিসাব রাখা হয়।



সারসংক্ষেপ:

যে কোনো সময় বিক্রয়ের জন্য যে পরিমাণ পণ্য মজুত রাখা হয় তাকে ব্যবসায়িক পণ্যের মজুত বলা হয়। অবিরত মজুদ পদ্ধতিতে প্রতিটি পণ্যের ক্রয়বিক্রয়ের বিস্তারিত হিসাব সংরক্ষণ করা হয়। সংরক্ষিত এই হিসাব অনুযায়ী প্রত্যেক শ্রেণির কী পরিমাণ পণ্য মজুদ থাকা উচিত তা যে কোনো সময়ই জানা যায়। পক্ষান্তরে, কালান্তিক মজুদ পদ্ধতিতে হিসাবকালের যাবতীয় ক্রীত ও বিক্রীত প্রতিটি মজুদের ব্যয় সম্পর্কে বিস্তারিত হিসাবসংরক্ষণ না করে কেবলমাত্র হিসাবকাল শেষে অর্থাৎ প্রতি হিসাবকালে একবার বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় করা হয়।

পাঠ-৫.৩

নিত্য মজুদ পদ্ধতি এবং কালান্তিক মজুদ পদ্ধতির জাবেদাকরণ

Journalizing of Merchandising Transactions under Periodic Inventory System and Perpetual Inventory System



উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি-

- নিত্য মজুদ পদ্ধতি এবং কালান্তিক মজুদ পদ্ধতির জাবেদাকরণ ব্যাখ্যা করতে পারবেন।



নিত্য মজুদ পদ্ধতি এবং কালান্তিক মজুদ পদ্ধতির জাবেদাকরণ

Journalizing of merchandising transactions under periodic and perpetual Inventory System

কালান্তিক মজুদ পদ্ধতি ও নিত্য মজুদ পদ্ধতি অনুযায়ী ব্যবসায়িক পণ্যের লেনদেনসমূহ সাধারণ জাবেদার মাধ্যমে লিপিবদ্ধকরণ পদ্ধতি নিম্নের ছকের মাধ্যমে দেখানো হলো:

Transactions (লেনদেনসমূহ)	Periodic Inventory System (Gross Method)	Perpetual Inventory System (Gross Method)
1. For merchandise purchase for cash	1. Purchase Cash	1. Merchandise Inventory Cash
2. For merchandise purchase on account	2. Purchase Account Payables	2. Merchandise Inventory Account payables
3. For purchase return and allowance	3. Account Payables Purchase Return & Allowance	3. Account payables Merchandise Inventory
4. For purchase return and allowance out of cash purchase	4. Cash Purchase Returns & Allowances	4. Cash Merchandise Inventory
5. For purchase discount	5. Account Payables Purchase Discount	5. Account payables Merchandise Inventory
6. For transportation cost (FOB shipping point.)	6. Transportation In Cash	6. Merchandise Inventory Cash
7. For payment of the amount due for purchase within discount period	7. Account Payables Purchase Discount Cash	7. Account payables Merchandise inventory Cash
8. For payment for purchase after discount period	8. Account Payables Cash	8. Account payables Cash
9. For sales of merchandise for cash	9. (a) Cash Sales (b) For cost price no entry is require	9. (a) Cash Sales (b) Cost of Goods Sold Merchandise Inventory
10. For sales of merchandise on account	10. (a) For sales price Account Receivables Sales (b) For cost price no entry is needed.	10. Account Receivables Sales (b) Cost of Goods Sold Merchandise Inventory
11. For sales return and allowance	11. (a) Sales Returns & Allowances Account Receivables (b) For cost Price : No entry required	11. (a) Sales Returns & Allowances Accounts Receivable (b) Merchandise Inventory Cost of Goods Sold

Transactions (লেনদেনসমূহ)	Periodic Inventory System (Gross Method)	Perpetual Inventory System (Gross Method)
	(c) For Cash sales : Sales Returns & Allowances Cash	(c) For Cash sales : Sales Returns & Allowances Cash
12. For sales discount.	12. Sales Discount Account Receivables	12. Sales Discount Account Receivables
13. For allowances to customers	13. Allowances Account Receivable	13. Allowances Account Receivables
14. For collection for credit sales within discount period	13. Cash Sales Discount Account Receivables	13. Cash Sales Discount Account Receivables
15. For collection for credit sales after discount period	14. Cash Account Receivables	14. Cash Account Receivable



সারসংক্ষেপ:

নিত্য মজুদ পদ্ধতিতে প্রত্যেক শ্রেণির কী পরিমাণ পণ্য মজুদ থাকা উচিত তা যে কোনো সময়ই জানা যায়। পক্ষান্তরে, কালান্তিক মজুদ পদ্ধতিতে হিসাবকালের যাবতীয় ক্রীত ও বিক্রীত প্রতিটি মজুদের ব্যয় সম্পর্কে বিস্তারিত হিসাবসংরক্ষণ না করে কেবলমাত্র হিসাবকাল শেষে অর্থাৎ প্রতি হিসাবকালে একবার বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় করা হয়।

পাঠ-৫.৪

পণ্য দ্রব্য ব্যবসায়: গাণিতিক সমস্যা ও এর সমাধান

Merchandising Business : Mathematical Problems and Solutions



উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি-

- পণ্য দ্রব্য ব্যবসায় সংক্রান্ত গাণিতিক সমস্যাগুলোর সমাধান করতে পারবেন।



পণ্য দ্রব্য ব্যবসায় : গাণিতিক সমস্যা ও এর সমাধান

Merchandising Business : Mathematical Problems and Solutions

Example 1: On March 1, Chandpur Electronics had an inventory of 40 calculators at a cost of Tk. 250 each. The company uses a perpetual inventory system. During March, the following transactions took place :

March 8 Purchased 150 calculators at Tk. 250 each on credit from Y Company.

11 Paid freight of Tk. 450 on calculators purchased from Y Company.

12 Returned 2 calculators to Y Company for Tk. 506 (including freight) because they did not meet specification.

14 Sold 100 calculators costing Tk. 253 each (including freight) for 300 each to Readly Big Book Store, terms n/30.

16 Granted credit of Tk. 300 to Readily Big Book Store for return of one calculator that was not ordered.

22 Sold 30 calculators costing Tk. 253 each for Tk. 300 each to Ideal Bros Ltd.

Requirement: Journalize the March transactions.

Solution :

Chandpur Electronics
Journal entries (Perpetual inventory System)

Date	Account Titles and Explanation	Ref.	Debit (Tk.)	Credit (Tk.)
Mar-8	Merchandise Inventory Account Payable - Y Co. (To record purchase of 150 calculators at Tk. 250 each on credit.)		37,500	37,500
„ 11	Merchandise Inventory Cash (To record freight charge paid)		450	450
„ 12	Accounts Payable - Y Co. Merchandise inventory (To record Merchandise returned to Y Company.)		506	506
„ 14	Accounts Receivable- Readily Book Store Sales (100 x 300) (To record merchandise sold on credit.)		30,000	30,000
„ 14	Cost of Goods Sold Merchandise Inventory (100 x 253) (To record cost price of merchandise sold.)		25,300	25,300
„ 16	Sales Return & Allowances Account Receivable- Really Books Store (To record return of one calculator.)		300	300

Date	Account Titles and Explanation	Ref.	Debit (Tk.)	Credit (Tk.)
„ 16	Merchandise Inventory Cost of Goods Sold (To record return of one calculator)		250	250
„ 22	Account Receivable-Idle Frs. Ltd. Sales (30 x 300) (To record merchandise sold on account.)		9,000	9,000
„ 22	Cost of Goods Sold Merchandise Inventory (30 x 253) (To record cost of goods sold recorded.)		7,590	7,590

Example 2: Ping Company engaged in the following transactions :

- Oct. 1 Purchased merchandise on accounts from Rabi Company, Tk. 1,800.
 2 Paid Tk. 1,000 for freight charges on merchandise purchased.
 2 Sold merchandise to Choiti on account, Tk. 3,000, cost Tk. 1,800.
 9 Purchased merchandise on account from Luna Tk. 1,600, including Tk. 100 freight cost.
 11 Accepted from Choiti a return of merchandise, which was returned to inventory, Tk. 300.
 14 Returned merchandise of Tk. 600 purchased on October 9.
 15 Sold merchandise for cash, Tk. 3,000 (cost, Tk. 1,800)
 22 Paid Rabi Company for purchased of October 1.
 23 Received full payment from Choiti for her October 2 purchase, less return on Oct. 11.

Requirement : Prepare general journal entries to record the transactions; assuming the perpetual inventory system is used.

Solution :

Ping Company
GENERAL JOURNAL
Under Perpetual Inventory System

Date	Account Titles and Explanation	Ref.	Debit (Tk.)	Credit (Tk.)
Oct. – 1	Merchandise Inventory Account Payable – Rabi Company (To record purchase merchandise on account from Rabi Company, term n/30)		1,800	1,800
Oct.– 2	Merchandise Inventory Cash (To record cash paid for freight charge)		1,000	1,000
Oct.– 2	Account Receivable – Choiti Sales (To record sales merchandise on account to choiti term n/30)		3,000	3,000
Oct. – 2	Cost of Goods Sold Merchandise Inventory (To record cost of goods sold)		1,800	1,800
Oct. – 9	Merchandise Inventory Account Payable –Luna (To record purchase merchandise on account from Luna including freight cost)		1,600	1,600
Oct. 11	Sales Returns & Allowances Account Receivable – Choiti (To record return merchandise from Choiti)		300	300

Date	Account Titles and Explanation	Ref.	Debit (Tk.)	Credit (Tk.)
Oct. 11	Merchandise Inventory Cost of Goods Sold (To record cost of return goods) (300 X 1,800 / 3,000)		180	180
Oct – 14	Account Payable- Luna Merchandise Inventory (To record returned merchandise)		600	600
Oct – 15	Cash Sales (To record cash sales)		3,000	3,000
Oct. – 15	Cost of Goods Sold Merchandise Inventory (To record cost of goods sold)		1,800	1,800
Oct. – 22	Account Payable – Rabi Company Cash (To record cash payment to account payable)		1,800	1,800
Oct. – 23	Cash Account Receivable – Choiti (To record collection from Choiti) (3,000 – 300)		2,700	2,700

Example 3: The following transactions occurred between companies X and Y during 2019

- January 6 Company X purchased merchandise from Y Company. Tk. 60,000 terms 2/20, n/60, FOB destination.
 7 Y Company paid freight of Tk. 1,200.
 10 X Company received an allowance of Tk. 4,000 from the gross invoice price because of damaged merchandise.
 19 X Company returned Tk. 6,000 of goods purchased because they were not the quality ordered.
 26 Y Company received payment in full from X company.

Requirement : Journalize the transactions in the books of X company & Y company under the periodic inventory system.

Solution :

**X Company
Journal**

Date	Account Titles and Explanation	Ref.	Debit (Tk.)	Credit (Tk.)
2019 Jan. 6	Purchase Account Payable (To record Purchase of merchandise on account from Y company, terms 2/20, n/60)		60,000	60,000
„ 10	Account Payable Purchase Returns and Allowances (To record Received an allowance from Y Company for damaged goods)		4,000	4,000
„ 19	Accounts Payable Purchase Returns and Allowances (To record purchase return & allowance for quality)		6,000	6,000
„ 26	Accounts Payable (60,000 – 4,000 – 6,000) Purchase Discount (50,000 X 2%) Cash (50,000 – 1,000) (To record paid the amount due to Y Company.)		50,000	1,000 49,000

**Y Company
Journal**

Date	Account Titles and Explanation	Ref.	Debit (Tk.)	Credit (Tk.)
2019 Jan.-6	Account Receivable Sales (To record sold merchandise on account to X company, terms 2/20 and n/60)		60,000	60,000
„ 7	Delivery Expenses Cash (To record payment of freight on sale of merchandise shipped FOB destination.)		1,200	1,200
„ 10	Sales Returns and Allowances Account Receivable (To record granted an allowance to X company for damaged goods)		4,000	4,000
„ 19	Sales Returns and Allowance Accounts Receivable (To record merchandise returned from X Company due to improper quality)		6,000	6,000
„ 26	Cash (50,000 – 1,000) Sale Discount (50,000 x 2%) Account Receivable (60,000 – 4,000 – 6,000) (To record collect amount due from company)		49,000 1,000	50,000

Example 4: The following transactions were occurred in March 2019 in the books of the Rupom Furniture Ltd. :

- March 1 Purchased merchandise on account at a cost of Tk. 15,000, terms 2/10, n/60, FOB shipping point.
- 3 Paid freight of Tk. 600 for the purchase on March 1.
- 7 Sold merchandise on account of Tk. 15,000, terms 1/10, n/30.
- 9 Returned Tk. 3,000 of the merchandise purchased on March 1.
- 11 Paid the amount due on the purchase of March 1.
- 12 Returned goods valued of Tk. 1,500 from the buyer for inferior quality.
- 17 Received payment due on sales of goods of March 7.

Requirement: Pass Journal entries of the above transactions under periodic inventory system.

Solution :

**The Rupom Furniture Ltd.
General Journal**

Date	Account Titles and Explanation	Ref.	Debit Tk.	Credit Tk.
2019 March 1	Purchase Account Payable (To record purchased merchandise on account, term 2/10, n/60, FOB shipping point)		15,000	15,000
3	Transportation In Cash (To record paid freight on FOB shipping point.)		600	600

Date	Account Titles and Explanation	Ref.	Debit Tk.	Credit Tk.
7	Account Receivables Sales (To record merchandise sold on account, terms 1/10, n/30)		15,000	15,000
9	Account Payable Purchase Returns and Allowances (To record merchandise return to supplies)		3,000	3,000
11	Account Payables (15,000 – 3,000) Purchase Discount (12,000 x 2%) Cash (12,000 – 240) (To record paid the amount due on purchase Mar-1)		12,000	240 11,760
12	Sales returns & Allowances Account Receivables (To record returned merchandise to the buyer for inferior quality)		1,500	1,500
17	Cash (13,500 – 135) Sales discount (13,000 x 1%) Account Receivable (15,000 – 1,500) (To record paid amount due on buyer of goods terms 1/10, n/30)		13,365 135	13,500

Example 5: A list of transactions of Limon Tiles Sales Company appears below. The company uses perpetual inventory system is used.

- May 2 Purchased merchandise for Tk. 60,000 cash.
- 3 Purchased merchandise from Madina Stores, Tk, 70,000 FOB shipping point, terms 2/10,n/40.
- 7 Paid freight on May 3 purchase, Tk. 1,500.
- 11 Paid Madina Stores in full, less discount.
- 12 Purchased merchandise from Asim Company, Tk. 90,000 FOB destination, terms 1/10,n/60.
- 24 Paid the Asim Company the amount owed.
- June 8 Purchased merchandise from Habib Sales Company, Tk. 60,000 FOB destination, terms 3/10, n/60.
- 10 Returned $\frac{1}{4}$ th of the merchandise acquired in the June – 8 transactions to Habib Sale Company because of defective.
- 11 Paid Habib Sales company the balance owed.

Requirement: Prepare journal entries to record the transactions in the books of Limon Tiles Sales Company.

Solution :

**Limon Tiles Sales Company
General Journal (Perpetual Inventory System)**

Date	Account Titles and Explanation	Ref.	Debit (Tk.)	Credit (Tk.)
May 2	Merchandise Inventory Cash (To record purchase of merchandise in cash)		60,000	60,000
3	Merchandise Inventory Account Payable– Madina Store (To record sales of merchandise on account, terms 2/10, n/40 FOB shipping point)		70,000	70,000
7	Merchandise Inventory Cash (To record payment of freight, terms FOB shipping point)		1,500	1,500

Date	Account Titles and Explanation	Ref.	Debit (Tk.)	Credit (Tk.)
11	Account Payable – Madina Store Merchandise Inventory (70,000 x 2%) Cash (70,000 – 1,400) (To record payment within discount period)		70,000	1,400 68,600
12	Merchandise Inventory Account Payable– Asim Co. (To record purchase of merchandise on account, FOB destination, terms 1/10, n/60)		90,000	90,000
24	Account Payable – Asim Co. Cash (To record payment with out discount period)		90,000	90,000
June 8	Merchandise Inventory Account Payable – Habib Sales Co. (To record purchase of merchandise on account, FOB destination, terms 3/10, n/60)		60,000	60,000
10	Accounts Payable – Habib Sales Co. Merchandise Inventory [To record allowance for merchandise for defective goods : (60000 ÷ 4) = 15,000]		15,000	15,000
11	Account Payable (60,000 – 15,000) Merchandise Inventory (45,000 x 3%) Cash (45,000 – 1,350) (To record payment within discount period)		45,000	1,350 43,650



সারসংক্ষেপ:

পণ্য ক্রয়বিক্রয় সংক্রান্ত ব্যবসায় প্রতিষ্ঠানের (Merchandising Organization) কার্যক্রম পণ্যকে কেন্দ্র করে আবর্তিত হওয়ার কারণে স্বাভাবিকভাবে প্রতিনিয়তই একটি নির্দিষ্ট সময় শেষে কী পরিমাণ পণ্য বিক্রয় করা হয়েছে এবং কী পরিমাণ পণ্য বিক্রয়ের জন্য মজুদ আছে তার হিসাব রাখতে হয়। মজুদ পণ্যের হিসাব সংরক্ষণের জন্য প্রচলিত দুটি পদ্ধতির মধ্যে প্রতিষ্ঠান কর্তৃক পছন্দনীয় যে কোনো একটি অনুসরণ করা হয়। পদ্ধতিগুলো হলো : (ক) অবিরত বা নিত্য মজুদ পদ্ধতি (Perpetual Inventory System), (খ) কালান্তিক মজুদ পদ্ধতি (Periodic Inventory System).



- ১। পণ্য দ্রব্য ব্যবসায়ের সংজ্ঞা দিন। পণ্য দ্রব্য ব্যবসায়ের হিসাব প্রণালি বর্ণনা করুন। Define merchandising business. Describe the accounting procedure of merchandising business
- ২। মজুদ পণ্যের সংজ্ঞা দিন। মজুদ সংরক্ষণ পদ্ধতিগুলো আলোচনা করুন। Define inventory. Discuss the inventory storing system
- ৩। অবিরত বা নিত্য মজুদ পদ্ধতি ও কালান্তিক মজুদ পদ্ধতির পার্থক্য লিখুন। Write down the differences between perpetual inventory system and periodic inventory system
4. Zantu Printing Press starts business on January 1, with cash Tk. 1,00,000. During the month of January, 2020. Zantu printing press performed the following transactions.
 - Jan. 2 Purchased merchandise on account from Tony and Bros. Tk. 9,000: FOB shipping point. terms 2/10, n/30.
 - 3 Paid freight charge Tk. 700 for the purchase of January 2.
 - 11 Received credit from Tony for defective merchandise returned Tk. 1,500.
 - 13 Sold merchandise on account Tk. 7,000 : terms 2/10, n/30. Merchandise had a cost of Tk. 5,500.
 - 17 Purchased merchandise on account for Tk. 10,000, terms 2/10, n/30, FOB shipping point.
 - 20 Paid in full for the purchase January 2.
 - 21 Received a credit from the supplier of January - 17 purchase for merchandise return Tk. 2,000.
 - 23 Made sales on account Tk. 8,000, terms 2/10, n/30, FOB destination. The cost price of the goods sold was Tk. 6,500.
 - 25 Paid freight charge Tk. 600 for sale of January 23.
 - 26 Paid full for the purchase of January 17
 - 31 Received part payment on account from the customers Tk. 5,000.

Requirement: Prepare journal entries under net price method being perpetual inventory system.

5. The following transactions were collected from the books of Ahsan Company.

January

2. Purchased merchandise on credit from Taylor Company Tk. 12,000, FOB shipping point, terms 2/10, n/30.
3. Paid freight Tk. 1,000 for January 2 purchase.
4. Returned merchandise for Tk. 1,500 purchase on January 2 for defects detected.
11. Sold merchandise on credit to Almas Company Tk. 22,000, FOB destination, terms 2/10, n/30.
12. Paid transportation charge for January 11 sale, Tk. 500.
13. Purchased merchandise from Rapa Company on account Tk. 16,000, FOB Shipping point, terms 2/10, n/30. Paid freight Tk. 2,100 by the appropriate party for purchase of January 13.
14. Paid the amount owed for January 2 purchase.
15. Returned merchandise by customer Tk. 2,100, for defects detected.
23. Received payment due in full for January 11 sales.
31. Paid Rapa Company the balance owed.

Requirements: Record the transactions in general journal using-

- (a) Gross price method;
- (b) Net price method, under periodic inventory method.

6. Engineering Computer Shop completed the following merchandise transactions in the month of July. At the beginning of July, the ledger showed cash of Tk. 30,000 and capital of Tk. 30,000.

- July 1 Purchased merchandise on account from Super Computer Supply Tk. 20,000 term 2/10, n/30.
- 2 Sold merchandise on account Tk. 10,000, terms 2/10, n/30. The cost of the merchandise sold was Tk. 7,000.
- 5 Received credit from Super Computer Supply centre for merchandise returned Tk. 500.
- 9 Received collections in full less discount from customers billed on sales of Tk. 10,000 on July 2.
- 10 Paid Super Computer Supply centre in full, less discount.
- 11 Purchased supplies for cash Tk. 2,000.
- 12 Purchased merchandise for cash Tk. 5,000.
- 15 Received refund for poor quality merchandise from supplier on cash purchase of Tk. 500.
- 17 Purchased merchandise from Rabbany Distributors Tk. 4,000, FOB shipping point, terms 2/10, n/30.
- 19 Paid freight on July 17 purchase of Tk. 550.


Requirement: Prepare the journal entries to record these transactions on the books of the Engineering Computer Shop

7. A list of transactions for the Advance Sanitary Sales Company appears below. A perpetual inventory system is used.

- August 18 Sold merchandise with a cost of Tk. 2,000 to Rimon for Tk. 6,000 cash.
- 19 Sold merchandise with a cost of Tk. 4,000 to Rony for Tk. 7,000 terms 2/10, n/30.
- 24 Issued a credit memo for Tk. 1,000 to Rony because of a sales allowance granted to him due to the inferior quality of goods sold to him on August 19.
- 27 Received payment from Rony for amount due for sale of August 19.
- 28 Sold merchandise to Zarin of Tk. 3,000 terms n/30. The merchandise cost Tk. 1,600.
- Sept. 26 Received payment in full from Zarin for sale of August 28.
- 27 Sold merchandise with a cost of Tk. 7,000 to Kingson for Tk. 9,000, terms 1/10, n/30.
- 29 Issued a credit memo for Tk. 1,200 to Kingson because he returned a portion of the goods sold to him on September 27. The returned merchandise had a cost of Tk. 1,000.

Requirement: Prepare the journal entries to record these transactions on the books of the Advance Sanitary Sales Company.

এ ইউনিটের মূখ্য শব্দসমূহ

 মূখ্য শব্দ	পণ্য দ্রব্য ব্যবসায়, মজুদ পণ্য, অবিরত বা নিত্য মজুদ পদ্ধতি, কালান্তিক মজুদ পদ্ধতি
--	--